# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০২৫

**সমাজসেবা অধিদপ্তর**
**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

হায়দার জাহান ফারাস

সচিবের রুটিন দায়িত্বে



CamScanner

# দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম

## মুখবন্ধ

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচিটি দেশের দরিদ্র দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। "এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম" শীর্ষক শিরোনামে কর্মসূচিটি মূলতঃ বিগত ২০০২-০৩ অর্থ বছর হতে শুরু হয়। শুরুতে এসিডদগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে উক্ত কর্মসূচি বাস্তবায়নাধীন থাকলেও পরবর্তীতে মাঠ পর্যায়ের চাহিদা অনুযায়ী এসিডে ক্ষতিগ্রস্থ পুরুষ এবং অন্যান্য প্রতিবন্ধী যেমন মানসিক ও বুদ্ধি প্রতিবন্ধী ব্যক্তিদেরকেও এ কর্মসূচির আওতায় ক্ষুদ্রঋণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। এ কারণে পরবর্তীতে ৩য় বার সংশোধনপূর্বক "দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা" শীর্ষক শিরোনামে অনুসারিত হয়। যা বর্তমানে মাঠ পর্যায়ে দেশের সকল জেলায় বাস্তবায়নাধীন রয়েছে। উল্লিখিত কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবভিত্তিক ও সমসাময়িক কিছু সমস্যা পরিলক্ষিত হয়। এ কারণে উক্ত সমস্যা সমাধানকল্পে নীতিমালার সংশ্লিষ্ট অংশের বিশদ ব্যাখ্যা/সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। একইসাথে বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় বিদ্যমান নীতিমালায় কিছু কিছু বিষয় নতুনভাবে সংযোজন ও বিয়োজন জরুরি হয়ে পড়েছে। উক্ত বিষয়সমূহের উপর সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি এবং মন্ত্রিসভা কমিটি'র বিভিন্ন সময়ে অনুষ্ঠিত সভার সুপারিশ ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। গৃহীত সুপারিশ/সিদ্ধান্তের আলোকে কর্মসূচির নাম পরিবর্তনসহ বর্তমান নীতিমালায় প্রয়োজনীয় সংশোধনসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। একই সাথে এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের মতামতও গ্রহণ করা হয়। বিদ্যমান নীতিমালায় উল্লিখিত দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন" এর সাথে বিভিন্ন সংঘর্ষ, সহিংসতা ও সংঘর্ষের সময় "আহত" ব্যক্তিদেরকে অন্তর্ভুক্ত করে নীতিমালার সংশ্লিষ্ট অংশ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়। বর্তমানে আহত ব্যক্তিদের চিকিৎসা ও পুনর্বাসন সহায়তা প্রদানের বিষয়াদি অন্তর্ভুক্ত করে "দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন" শীর্ষক শিরোনামে নীতিমালার চতুর্থ সংস্করণ প্রকাশ করা হলো। এ কর্মসূচিটি সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়ন, মূল্যায়ন এবং লক্ষ্য অর্জনে এ নীতিমালা সংশ্লিষ্ট সকল পর্যায়ে কার্যকর ও সঠিক পথ নির্দেশক হিসেবে ব্যবহৃত হবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস। "দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন" নীতিমালার চতুর্থ সংস্করণটি এ কার্যক্রমকে আরো বেশি গতিশীল, সেবাধর্মী এবং মাঠ পর্যায়ের বিভিন্ন সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**"দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম"** বাস্তবায়ন নীতিমালা-২০২৫ কার্যকরের মধ্য দিয়ে দেশে বিদ্যমান হতদরিদ্র, অস্বচ্ছল দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন ও তাঁদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে। এ নীতিমালা অনুসরণে কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলে অর্পিত দায়িত্ব স্বচ্ছতা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালন করতে সক্ষম হবেন মর্মে আমার বিশ্বাস। এ নীতিমালা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

২২-০৮-২৫

হায়দার জাহান ফারাস

সচিব (রুঃদাঃ)

সমাজকল্যাণ মন্ত্রণালয়



CamScanner

## List of Abbreviation

(১) "DDO" অর্থ Drawing and Disbursing Officer;
(২) "DIS" অর্থ Disability Information System;
(৩) "EFT" অর্থ কার্যক্রমের আওতায় Electronic Fund Transfer;
(৪) "G2P" অর্থ Government to Person;
(৫) "MIS" অর্থ Management Information System;
(৬) "NSSS" অর্থ National Social Security Strategy;
(৭) "SMS" অর্থ Short Message Service;
(৮) "PMT" অর্থ Proxy Means Test.
(৯) "NID" অর্থ National Identity Card.
(১০) "API" অর্থ Application Programing Interface.
(১১) "MCMS" অর্থ Micro Credit Management System
(১২) "PWD" অর্থ Person With Disabilities
(১৩) "POS" অর্থ Point of Sale
(১৪) "MFS" অর্থ Mobile Financial Service
(১৫) "IDSDP" অর্থ Integrated Digital Service Delivery Platform

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

হায়দার জাহান ফরাস
সচিবের রুটিন দায়িত্বে



CamScanner

# সূচিপত্র


| অনুচ্ছেদ | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | পটভূমি | ১ |
| ২. | শিরোনাম | ২ |
| ৩. | সংজ্ঞা | ২ |
| ৪. | উদ্দেশ্য | ৭ |
| ৫. | কার্যক্রম | ৭ |
| ৬. | কার্যক্রমের পরিধি | ৭ |
| ৭. | কার্যক্রম বাস্তবায়ন কৌশল | ৭ |
| ৮. | তথ্য ভান্ডার ও ব্যবস্থাপনা | ৮ |
| ৯. | প্রচার-প্রচারণা | ৯ |
| ১০. | সময়সীমা | ৯ |
| ১১. | সুবিধাভোগী নির্বাচনে মানদন্ড | ১০ |
| ১২. | চিকিৎসা ও আর্থিক সহায়তার মানদন্ড | ১০ |
| ১৩. | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনে ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া | ১১ |
| ১৪. | কার্যক্রম সংশ্লিষ্ট কমিটি | ১৫ |
| ১৫. | পরিবীক্ষণ ও মূল্যায়ণ | ১৭ |
| ১৬. | কমিটি'র নির্দেশনা বাস্তবায়ন | ১৮ |
| ১৭. | পরিশিষ্ট-ক পরিবার জরিপ ফরম | ১৯ |
| ১৮. | পরিশিষ্ট-খ সুদমুক্ত ঋণ প্রাপ্তির আবেদন ফরম | ২০ |
| ১৯. | পরিশিষ্ট-গ ঋণের চুক্তিপত্র | ২২ |
| ২০. | পরিশিষ্ট-ঘ এককালীন সহায়তা প্রাপ্তির আবেদন ফরম | ২৪ |


মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

সচিবের রুটিন দায়িত্বে



CamScanner

## দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম

### ১. পটভূমি:

বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর মধ্যে বাংলাদেশ একটি স্বল্প আয়তনের ঘনবসতিপূর্ণ দেশ। বর্তমানে দেশের মোট জনসংখ্যা প্রায় ১৭ কোটি ১০ লক্ষ [তথ্য বিবিএস ২০২৩] এবং ভৌগোলিক আয়তন প্রায় ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার। ভৌগোলিক আয়তনের তুলনায় জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ায় দেশে বিভিন্ন **ধরনের** সহিংস ঘটনা যেমন এসিড নিক্ষেপ, অগ্নিদগ্ধতা, বোমাবাজি, সড়ক **দুর্ঘটনা**, রাসায়নিক পদার্থের দাহ্যতা, বিভিন্ন সংঘর্ষ ও সংঘাত সংঘটিত হচ্ছে। একইসাথে সুচিকিৎসার অভাব ও অপচিকিৎসায় সাধারণ মানুষ মৃত্যুবরণ/পঙ্গুত্ব/প্রতিবন্ধী হয়ে জীবন অতিবাহিত করছে। এসকল দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের লক্ষ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয় গত ২০০২ সালে "এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম" শীর্ষক শিরোনামে নীতিমালাটি প্রণয়ন করে। পরবর্তীতে বাস্তবতার নিরিখে ২০১০ সালে দ্বিতীয়বার সংশোধন করা হয়। সর্বশেষ অক্টোবর ২০১৫ সালে "দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন" শীর্ষক শিরোনামে নীতিমালাটি তৃতীয়বার সংশোধন করা হয়।

সাম্প্রতিক সময়ে সংঘটিত বিভিন্ন ধরনের সহিংসতার ধরন বিবেচনায় নিয়ে বাস্তবতার নিরীখে ইতঃপূর্বে জারিকৃত নীতিমালাটি সংশোধন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। তৎপ্রেক্ষিতে বিভিন্ন সহিংসতায় দগ্ধ, প্রতিবন্ধীসহ আহত ব্যক্তিদের পুনর্বাসন/আর্থিক অনুদান প্রদানের নিমিত্তে **"দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম"** বাস্তবায়ন নীতিমালা, ২০২৫ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটি ইতঃপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালার চতুর্থ সংস্করণ হিসেবে বিবেচিত হবে।

সচিবের রুটিন দায়িত্বে

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



CamScanner

**২. শিরোনাম:** এই নীতিমালা "দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২৫" নামে অভিহিত হবে।

**৩. সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায়-**

(১) **"অধিদপ্তর" অর্থ** সমাজসেবা অধিদপ্তর;

(২) **"দগ্ধ" অর্থ** শরীরে এসিড, আগুন বা অন্য কোন প্রকার দাহ্য পদার্থ নিক্ষেপ অথবা অসতর্ক ব্যবহার ও অপব্যবহার অথবা দুর্ঘটনার কারণে দগ্ধ ইত্যাদি কারণে শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তি;

(৩) **"আহত ব্যক্তি" অর্থ** ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোন কারণে সংঘাত/সংঘর্ষে জড়িয়ে পড়া অথবা যে কোন ধরনের দুর্ঘটনার কারণে শারীরিক/মানসিক আঘাত প্রাপ্ত এবং ট্রমা সহ্য করেছেন এমন ব্যক্তি;

(৪) **"স্থায়ী ক্ষতি" অর্থ** কোন ব্যক্তির কোন অঙ্গের ক্ষতি সাধনের ফলে তাঁর কার্যকারিতা চিরতরে/স্থায়ীভাবে নষ্ট/লোপ পাওয়ার সাথে সাথে শারীরিক ও মানসিক ভাবে কর্মক্ষমতাহীন অবস্থা;

(৫) **"অস্থায়ী ক্ষতি" অর্থ** কোন ব্যক্তির কোন অঙ্গের ক্ষতি সাধনের ফলে তার কার্যকারিতা সাময়িক/অস্থায়ীভাবে নষ্ট/লোপ পাওয়ার সাথে সাথে শারীরিক ও মানসিক ভাবে কর্মক্ষমতাবিহীন অবস্থা;

(৬) **"প্রতিবন্ধী" অর্থ** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ৩ ধারায় বর্ণিত যে কোন ধরনের প্রতিবন্ধী ব্যক্তি;

(৭) "দুর্ঘটনা" **অর্থ** স্থলপথ, নদীপথ ও আকাশপথসহ যে কোন **ধরনের** আকস্মিক **দুর্ঘটনা;**

(৮) **"পুনর্বাসন" অর্থ** দগ্ধ, আহত বা প্রতিবন্ধী হওয়ার কারণে যারা স্বাভাবিক জীবন থেকে বিচ্যুত হয়েছেন, তাদের চিকিৎসা, আর্থিক সহায়তা এবং কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ ও ক্ষুদ্রঋণ প্রদান পূর্বক সমাজে পুনর্বাসন;

(৯) **"কমিটি" অর্থ** কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এই নীতিমালায় অন্তর্ভুক্ত যে কোনো কমিটি;

(১০) **"কার্যক্রম" অর্থ** সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বাস্তবায়িত দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম;

(১১) **"কিস্তি" অর্থ** সুবিধাভোগীর অনুকূলে প্রদত্ত ক্ষুদ্রঋণের অর্থ পরিশোধের সময়কাল;

(১২) "**তথ্যভান্ডার কর্তৃপক্ষ**" **অর্থ** পরিচয়পত্র প্রদানকারী বা সংরক্ষণকারী কোনো প্রতিষ্ঠান অথবা কর্তৃপক্ষ;

(১৩) **"পরিচয়পত্র" অর্থ** উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র;

(১৪) **"পেমেন্ট পদ্ধতি" অর্থ** কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর নিকট আর্থিক সহায়তা প্রেরণ পদ্ধতি;

(১৫) **"প্রতিবন্ধিতার ধরন" অর্থ** প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ধারা ৩ অনুযায়ী প্রতিবন্ধিতার ধরনসমূহ;

(১৬) **"বাস্তবায়নকারী কর্তৃপক্ষ" অর্থ** সমাজসেবা অধিদপ্তর ও এর কার্যালয়সমূহ;

(১৭) **"মন্ত্রিসভা কমিটি" অর্থ** সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(১৮) **"মহাপরিচালক" অর্থ** সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক;

(১৯) **"সফটওয়্যার" অর্থ** কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট যে কোনো সফটওয়্যার;

(২০) **"সুবিধভোগীর হিসাব" অর্থ** এ কার্যক্রমের আওতায় প্রদত্ত আর্থিক সহায়তা গ্রহণের জন্য

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



সচিবের রুটিন দায়িত্বে

CamScanner

সুবিধাভোগীর অনুকূলে খোলা কোনো মোবাইল হিসাব নম্বর অথবা ব্যাংক হিসাব নম্বর;

(২১) **"সুবিধা" অর্থ** সরকার কর্তৃক প্রদত্ত চিকিৎসা ও আর্থিক সহায়তা এবং সুদমুক্ত ক্ষুদ্রঋণ;

(২২) **"সুবিধাভোগী" অর্থ** কার্যক্রমের আওতায় চিকিৎসা সহায়তাপ্রাপ্ত দগ্ধ ব্যক্তি, আর্থিক সহায়তা প্রাপ্ত ব্যক্তি এবং ক্ষুদ্রঋণ প্রাপ্ত দগ্ধ ও আহত প্রতিবন্ধী ব্যক্তি;

(২৩) **"পুনর্বাসন সহায়তা" অর্থ** দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা, আর্থিক সহায়তা এবং পুনর্বাসন ও কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ ও সহজ শর্তে সুদমুক্ত ঋণ প্রদান।

**৪. উদ্দেশ্য:**

দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রদান। সর্বোপরি ক্ষেত্র বিশেষে সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদানপূর্বক আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে পুনর্বাসন।

**৫. কার্যক্রম:**

(ক) দগ্ধ ও আহত ব্যক্তিদের দ্রুত চিকিৎসার সহায়তা প্রদান;

(খ) প্রশিক্ষণ ও পুনর্বাসনের লক্ষ্যে দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকার তালিকা (Priority list) প্রণয়ন;

(গ) দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে দক্ষতা ভিত্তিক ও উপার্জনমুখী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা ভিত্তিক পেশার ভিত্তিতে কর্মসংস্থানের জন্য সুদমুক্ত ঋণ প্রদান;

(ঙ) দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল স্রোতধারার সাথে সম্পৃক্ত করে, জাতীয় উন্নয়নে অংশগ্রহণ নিশ্চিতকরণ।

**৬. কার্যক্রমের পরিধি:**

বাংলাদেশের সকল উপজেলা, সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়নে এ কার্যক্রম বাস্তবায়িত হবে।

**৭. কার্যক্রম বাস্তবায়ন কৌশল:**

**৭.১ সহায়তা প্রাপ্তি:**

দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিগণ আর্থিক ও চিকিৎসা সহায়তা এবং সুদমুক্ত ঋণ পাবেন, তবে যে সকল প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধী ভাতা পেয়ে থাকেন সে সকল ব্যক্তি শুধু পুনর্বাসনের জন্য যোগ্যতা থাকা সাপেক্ষে সুদমুক্ত ক্ষুদ্রঋণ পাবেন।

**৭.২. সহায়তা প্রাপ্তির লক্ষ্যে উপকারভোগী/সুবিধাভোগী কর্তৃক আবেদন:**

দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তি বা তাঁর পক্ষে সংশ্লিষ্ট হাসপাতাল/উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়/জেলা সমাজসেবা কার্যালয় বরাবর আর্থিক/চিকিৎসা সহায়তা/অনুদান/সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রাপ্তির জন্য অনলাইন/সরাসরি আবেদন করতে পারবেন। তবে, যে সকল ব্যক্তি অনলাইনে/সরাসরি আবেদন করতে সমস্যার সম্মুখীন হবেন স্থানীয় সমাজসেবা কার্যালয় তাঁদেরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

**৭.৩. সহায়তা প্রাপ্তির লক্ষ্যে উপকারভোগী/সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়া:**

**উপজেলা এলাকা:**

(ক) উপজেলা সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহ **সহকারী সমাজসেবা অফিসার ও ফিল্ড সুপারভাইজারের মাধ্যমে যাচাইবাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন;**

(খ) উপজেলা সমাজসেবা অফিসার প্রাথমিক যাচাই-বাছাইকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট প্রেরণ করবেন;

(গ) উপজেলা কমিটি প্রাপ্ত তালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা, একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা এবং বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ সম্বলিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

মোঃ বরকতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



সচিবের রুটিন দায়িত্ব

CamScanner

**শহর এলাকা:**

(ক) সমাজসেবা অফিসার প্রাপ্ত আবেদনসমূহ **যাচাইবাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করবেন;**

(খ) প্রাথমিক যাচাই-বাছাইকৃত তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা কমিটির নিকট প্রেরণ করবেন;

(গ) জেলা কমিটি প্রাপ্ত তালিকা নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা, একটি অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা এবং বাতিলকৃত আবেদনসমূহের বাতিলের কারণ সম্বলিত তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

**উপকারভোগী/সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ার ফ্লো-চার্ট**




**৭.৪. MIS-এ তথ্য সন্নিবেশ:**

(ক) সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার অনুমোদিত চূড়ান্ত তালিকা অনুযায়ী সুবিধাভোগীদের তথ্য এমআইএস (MIS) এ সন্নিবেশ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্নিবেশিত তথ্য নিয়মিত হালনাগাদ করবেন;

(খ) ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের প্রতিবন্ধী ব্যক্তিবর্গের তালিকার সফটকপি এবং হার্ডকপি সংশ্লিষ্ট ইউনিয়ন, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনের সমাজসেবা দপ্তর সংরক্ষণ করবে;

## ৮. তথ্য ভাণ্ডার ও ব্যবস্থাপনা:

### ৮.১ তথ্য সংগ্রহ:

প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য প্রতিবন্ধিতা তথ্য সিস্টেম (DIS) হতে পাওয়া যাবে। দগ্ধ ও আহত ব্যক্তিদের সংখ্যা নিরূপণের উদ্দেশ্য প্রতি উপজেলায়, শহর ও মহানগর এলাকায় জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ পরিচালনা করা হবে। দগ্ধ ও আহত ব্যক্তিদের কোনো তথ্য ভাণ্ডার বা ডাটাবেজ থাকলে সেটিও ব্যবহার করা হবে। উপজেলা সমাজসেবা কার্যালয় ও শহর সমাজসেবা কার্যালয়, প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং স্থানীয় স্বেচ্ছাসেবক দ্বারা "পরিবার জরিপ ফরম **(পরিশিষ্ট-ক)** পূরণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করা হবে।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

সচিবের রুটিন দায়িত্বে



CamScanner

## ৮.২ তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন প্রেরণ:

তথ্য সংগ্রহের কাজ অনলাইন বা অফলাইন ফর্মের মাধ্যমে সেন্ট্রাল তথ্য ভান্ডারে সংরক্ষণ করতে হবে। তথ্য সংগ্রহের জন্য ব্যবহৃত অফলাইন ফরমগুলো থেকে প্রয়োজনীয় তথ্য নিয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী একটি রেজিস্ট্রারে সংশ্লিষ্ট তথ্য বিন্যাস করে সংরক্ষণ করতে হবে।

**"ছক"**

| ক্রম | নাম ও এন আইডি/জন্ম নিবন্ধন নং | পিতা/মাতা/স্বামীর নাম | লিঙ্গ | স্থায়ী ঠিকানা | জন্ম তারিখ | সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা | পেশা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

| ক্ষতিগ্রস্ত/আহত হওয়ার তারিখ | ক্ষতিগ্রস্ত/আহত হওয়ার কারণ | শারীরিক/মানসিক ক্ষতির বিবরণ | আর্থিক ক্ষয়ক্ষতির বিবরণ | চিকিৎসার প্রয়োজন আছে কি না | পরিবারের উপার্জনক্ষম ব্যক্তি কি না | অন্যের উপর নির্ভরশীল কি না |
|---|---|---|---|---|---|---|
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |

| কোন কাজে দক্ষতা আছে কি না | প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী কি না | উপার্জনমূলক কাজে অংশ গ্রহণে আগ্রহী কি না | আর্থিক সহায়তার প্রয়োজন আছে কি না | ব্যাংক/মোবাইল ব্যাংকিং সংক্রান্ত তথ্য | হিসাবধারীর তথ্য নিজে/অন্য কেউ। অন্য কেউ হলে তার সাথে সম্পর্ক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ |

## ৯. প্রচার-প্রচারণা:

কার্যক্রমের উদ্দেশ্য ও কর্মসূচি সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে সমাজসেবা অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা প্রশাসন বিভিন্ন জাতীয় গণমাধ্যম যেমন- রেডিও, টেলিভিশন, পত্র-পত্রিকা, অফিসিয়াল সার্কুলার এবং স্থানীয়ভাবে সভা-সমিতি, মাইকিং, পথসভা, র‍্যালি-শোভাযাত্রা ইত্যাদির মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার উদ্দেশ্য গ্রহণ করতে হবে।

## ১০. সময়সীমা:

দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তি এ কার্যক্রমের আওতায় সুবিধা প্রাপ্তির জন্য যে কোন সময় নির্ধারিত উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়/সংশ্লিষ্ট হাসপাতালে আবেদন করতে পারবেন। উপজেলা/শহর/হাসপাতাল সমাজসেবা অফিসার সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

সচিবের রুটিন দায়িত্বে

## ১১. সুবিধাভোগী নির্বাচনের মানদন্ড:

(ক) শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমহীন ব্যক্তিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে;

(খ) সর্বোচ্চ বয়স্ক ব্যক্তি, অনগ্রসর জনগোষ্ঠী, দরিদ্র, ভূমিহীন ও গৃহহীন ব্যক্তি, আবেদনকারীর উপর নির্ভরশীল একাধিক সদস্য থাকলে তাকে ও নারী আবেদনকারীকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

(ঘ) সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে;

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে;

(চ) বাছাই কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে;

(ছ) এক অর্থবছরে শুধুমাত্র একবারই সুবিধা পাবেন;

(জ) শর্তাবলী যাই থাকুক না কেন বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

## ১২. চিকিৎসা ও আর্থিক সহায়তার মানদন্ড:

**১২.১. সুবিধাভোগীর অর্থনৈতিক অবস্থা:** কোন ব্যক্তি নীতিমালার অনুচ্ছেদ ১১ অনুযায়ী সুবিধাভোগী হিসেবে নির্বাচিত হলে এবং তার পরিবারের বছরে গড় আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে না হলে তাকে চিকিৎসা সহায়তা/আর্থিক পুনর্বাসন সহায়তা প্রদান করা যাবে।

**১২.২. সুবিধাভোগীর ন্যূনতম আর্থিক সহায়তার পরিমাণ:** নির্বাচিত সুবিধাভোগীর শারীরিক ও মানসিক আঘাতের মাত্রা ও তীব্রতা এবং অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে নিম্নোক্ত ছক মোতাবেক অনুদান হিসেবে প্রদান করা যাবে:

| ক্রমিক নং | সুবিধাভোগীর আঘাতের/আহতের ধরন /তীব্রতা | অনুদানের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | **হাতে আঘাত /ক্ষতি** | - | |
| ১.১ | ১ হাতে আঘাত (অস্থায়ী ক্ষতি /কর্মক্ষমতা হ্রাস) | ১,০০,০০০ | |
| ১.২ | ২ হাতে আঘাত (অস্থায়ী ক্ষতি /কর্মক্ষমতা হ্রাস) | ২,০০,০০০ | |
| ২ | **পায়ে আঘাত /ক্ষতি** | - | |
| ২.১ | ১ পায়ে আঘাত (অস্থায়ী ক্ষতি /কর্মক্ষমতা হ্রাস) | ১,০০,০০০ | |
| ২.২ | ২ পায়ে আঘাত (অস্থায়ী ক্ষতি /কর্মক্ষমতা হ্রাস) | ২,০০,০০০ | |
| ৩ | **চোখে আঘাত /ক্ষতি** (অস্থায়ী ক্ষতি /দৃষ্টি শক্তি হ্রাস) | ২,০০,০০০ | |
| ৪ | **কানে আঘাত /ক্ষতি** (অস্থায়ী ক্ষতি /শ্রবণ শক্তি হ্রাস) | ২,০০,০০০ | |
| ৫ | **মাথায় আঘাত /অস্থায়ী ক্ষতি** | - | |
| ৫.১ | বাহ্যিক আঘাত /ক্ষতি | ১,০০,০০০ | |
| ৫.২ | অভ্যন্তরীণ (মস্তিষ্ক) আঘাত /ক্ষতি | ২,০০,০০০ | |
| ৬ | **অন্যান্য অঙ্গে আঘাত** (অস্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা হ্রাস) | ১,০০,০০০ | |
| ৭ | **মানসিক ভারসাম্যহীনতা /ট্রমায় আক্রান্ত** | ১,০০,০০০ | |
| ৮ | **যে কোন অঙ্গ হানি (স্থায়ী ক্ষতি/কর্মক্ষমতা লোপ)** | ৫,০০,০০০ | |

একজন ব্যক্তি একাধিক ধরনের আঘাত বা ক্ষতির জন্য ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য হতে পারেন। তবে একজন ব্যক্তির প্রাপ্য সহায়তার সর্বোচ্চ পরিমাণ ৫০০,০০০ টাকা হবে। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তি ২ হাত (২০০,০০০ টাকা), ২ পা (২০০,০০০ টাকা) এবং চোখে আঘাত /ক্ষতির (২০০,০০০ টাকা) কারণে ৬০০,০০০ টাকা পাওয়ার যোগ্য হলেও অনুদান হিসেবে ৫০০,০০০ টাকার বেশি পাবেন না।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



সচিবের রুটিন দায়িত্বে

### ১২.৩. আঘাতের ধরন ও তীব্রতা যাচাই:

আঘাতের ধরন ও তীব্রতা আহত ব্যক্তির চিকিৎসা সংক্রান্ত নথিপত্র নিবন্ধিত চিকিৎসকের ব্যবস্থাপত্র/সার্টিফিকেট, মেডিক্যাল রিপোর্ট, হাসপাতালের বিল ইত্যাদি যাচাই এবং সমাজকর্মী কর্তৃক পরিদর্শন ও পরীক্ষান্তে নির্ধারণ করা হবে।

### ১২.৪. এককালীন সহায়তা বা অনুদান প্রাপ্তির প্রক্রিয়া:

অনুদান সহায়তা সুবিধাভোগীর ব্যাংক/এমএফএস একাউন্টে সরাসরি স্থানান্তর করা হবে। তবে সুবিধাভোগী ব্যাংক/এমএফএস একাউন্ট পরিচালনা করতে অক্ষম হলে অনুদান তার অভিভাবকের / প্রাথমিক পরিচর্যাকারীর MFS/ব্যাংক একাউন্টে/উপযুক্ত মাধ্যমে স্থানান্তর করা যেতে পারে।

**১২.৫.** যে সকল হাসপাতালে রোগী কল্যাণ সমিতি আছে এবং দগ্ধ ব্যক্তিদের চিকিৎসা প্রদান করা হয়, সে সকল হাসপাতালের অনুকূলে দগ্ধ জনিত চিকিৎসা বাবদ বিশেষ অনুদানের বরাদ্দ প্রদান করতে হবে। রোগী কল্যাণ সমিতির নিজস্ব অর্থ ব্যবস্থাপনায় অনুদানের অর্থ ব্যয় করবে। পরবর্তীতে এ বিষয়ে সংশ্লিষ্ট উপপরিচালককে অবহিত করতে হবে। একজন ব্যক্তি যে কোন একটি তহবিল হতে একবার এই সহায়তা পাবেন।

## ১৩. দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসনের ক্ষুদ্রঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া:

দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে আয়বর্ধক কর্মসূচি গ্রহণে সুদমুক্ত ঋণ সহায়তা প্রদান করা হবে। ঋণ কর্মসূচি বাস্তবায়নের জন্যে প্রয়োজনীয় নমুনা ফরম পরিশিষ্ট ক থেকে গ পর্যন্ত সংযোজন করা আছে।

### ১৩.১. ঋণ প্রাপ্তির যোগ্যতা ও শর্তাবলী:

যে পরিবারের সদস্যদের মাথাপিছু বার্ষিক গড় আয় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বে নয়, এরুপ পরিবারের দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিরাই এ কর্মসূচির লক্ষ্যভূক্ত জনগোষ্ঠি হিসেবে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ঋণ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন।

(ক) আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলা/পৌর এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(খ) লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে হবে।

(গ) নাম অগ্রাধিকার তালিকাভুক্ত হতে হবে।

(ঘ) প্রয়োজন উল্লেখপূর্বক ঋণের জন্য আবেদন করতে হবে।

(ঙ) কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুর হতে হবে।

(চ) ঋণ গ্রহণ ও পরিশোধের শর্তাবলী সম্বলিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

(ছ) দারিদ্র্য সীমার নীচে বসবাসরত ব্যক্তিগণ ঋণ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

### ১৩.২. ঋণ মঞ্জুর এর নিয়মাবলী:

ঋণ গ্রহণে ইচ্ছুক দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিগণ ঋণের জন্য নির্ধারিত আবেদনপত্রে প্রয়োজন উল্লেখপূর্বক উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়/সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় বরাবরে আবেদন করবেন। সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার তাঁর অধীন মাঠকর্মী ও ফিল্ড সুপারভাইজারের মাধ্যমে ঋণ প্রাপ্তির যোগ্যতা যাচাই করবেন। আবেদনকারী ঋণ প্রাপ্তির যোগ্য বিবেচিত হলে দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী তার আবেদনপত্রে সুপারিশ করে কার্যক্রম বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের জন্য সহকারী সমাজসেবা অফিসারের মাধ্যমে (যদি থাকে) উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের সময়কাল ১৫ (পনেরো) কার্যদিবস। বিশেষ কোন কারণ ব্যতীত এ সময়কাল অতিক্রম করা যাবে না। সময়কাল অতিক্রান্তের পর ঋণ মঞ্জুর করা হলে কমিটিকে কারণ উল্লেখ করতে হবে। বিনা কারণে সময়কাল অতিক্রান্ত হলে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা ও মাঠকর্মী এজন্য দায়ী থাকবেন।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়



সচিবের কার্যালয়

### ১৩.৩ ঋণ গ্রহীতার ওরিয়েন্টেশন ও চুক্তিপত্র সম্পাদন:

কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক ঋণ মঞ্জুরের পর সমাজসেবা অফিসার মাঠকর্মীদের মাধ্যমে ঋণ গ্রহীতাকে কার্যক্রম পরিচিতি ও ওরিয়েন্টেশন প্রদানের ব্যবস্থা করবেন। ওরিয়েন্টেশন শেষে চুক্তিপত্র সম্পাদন ও ঋণ বিতরণের প্রস্তুতি গ্রহণ করবেন। ওরিয়েন্টেশনে নিম্ন বর্ণিত বিষয়গুলো আলোচনা করবেন:

- ঋণের অর্থ ব্যবহারের নিয়মাবলী;
- স্কিম বাস্তবায়ন পদ্ধতি ও কলাকৌশল;
- আয় ব্যয়ের হিসাব সংরক্ষণের নিয়মাবলী;
- লাভ ক্ষতি মূল্যায়ন;
- কিস্তি পরিশোধের নিয়মাবলী;
- সঞ্চয় জমা দেয়ার নিয়মাবলী;
- সার্ভিস চার্জের অর্থ প্রাপ্তির নিয়মাবলী;
- ব্যাংক লেনদেন নিয়মাবলী;
- ভবিষ্যত পরিকল্পনা;

### ১৩.৪ ঋণ গ্রহীতা কর্তৃক সামাজিক কার্যক্রম বাস্তবায়ন:

- নিয়মিত সঞ্চয় প্রদান;
- ছোট পরিবার গঠন;
- মা ও শিশুদের রোগ প্রতিরোধক টীকা গ্রহণ;
- ছেলেমেয়েদের স্কুলে প্রেরণ;
- যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধকরণ;
- আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানি পান ও ব্যবহার নিশ্চিতকরণ;
- বাড়িঘর ও পারিপার্শ্বিক পরিবেশ পরিচ্ছন্ন রাখা নিশ্চিতকরণ;
- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকরণ;
- মহিলাদের ক্ষমতায়ন;
- নিয়মিত সবজী বাগান করা এবং বাড়ির আশেপাশে বৃক্ষরোপণ করার বিষয়ে উদ্বুদ্ধকরণ।

### ১৩.৫ ঋণ বিতরণের নিয়মাবলী:

সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার ঋণ বিতরণের স্থান, তারিখ ও সময় উল্লেখ করে পত্র দ্বারা ঋণ গ্রহীতা ও কার্যক্রম বাস্তবায়ন কমিটির সকলকে ঋণ বিতরণের বিষয় অবগত করবেন;

- পূর্ব থেকেই ঋণ বিতরণ রেজিস্টার ও অন্যান্য লিপিবদ্ধকরণ কাজ সম্পন্ন করে রাখতে হবে।
- ব্যাংক থেকে টাকা উত্তোলন করে ঋণ গ্রহীতার নাম ও টাকার পরিমাণ খামে লিখে রাখতে হবে।
- চেক/ব্যাংক/এমএফএস একাউন্টেও সরাসরি স্থানান্তর করা যাবে। এক্ষত্রে রেকর্ডপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ঋণ গ্রহীতার হাতে নগদ টাকা প্রদান করে টাকা সঠিক আছে কিনা তা দেখে নিতে বলতে হবে।
- নির্ধারিত কাজে ঋণের অর্থ সঠিকভাবে ব্যবহার, হিসাব সংরক্ষণ এবং যথাসময়ে কিস্তি পরিশোধের পরামর্শ প্রদান।
- ঋণের আবেদন পত্রের সাথে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি সংযোজন করতে হবে।
- ঋণ বিতরণ রেজিস্টারে ঋণ গ্রহীতার স্বাক্ষর যথাযথভাবে নিতে হবে।
- ঋণ বিতরণ শেষে রেজিস্টারে সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা স্বাক্ষর প্রদান করবেন এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপপরিচালক তাতে প্রতিস্বাক্ষর করবেন।

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

সচিবের রুটিন দায়িত্বে

**১৩.৬ ঋণ ও সার্ভিস চার্জ আদায় পদ্ধতি:**

দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তি বা তার পরিবারের কোন ব্যক্তি এ কার্যক্রমের ঋণ সহায়তা তহবিল থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হতে সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত সুদমুক্ত ঋণ পেতে পারেন। এ কার্যক্রমের ঋণ গ্রহীতা প্রথমবার ঋণের সাকুল্য অর্থ পরিশোধের পর প্রয়োজনে একাধিকবার ঋণের আবেদন করতে পারবেন।

এ ঋণের টাকার উপর ৫% সার্ভিস চার্জ ধার্য করে মেয়াদকালীন সময়ের মধ্যে সমান ২০ (বিশ) কিস্তিতে (কিস্তি ও সার্ভিস চার্জ) পরিশোধের শর্তে ঋণের চুক্তি সম্পাদন করতে হবে। স্কীমের প্রকৃতি অনুসারে এক বছর হতে সর্বোচ্চ দুই বছর মেয়াদে ঋণ প্রদান করা যাবে এবং ঋণের টাকা প্রদানের ২ (দুই) মাস পর হতে কিস্তি পরিশোধ শুরু হবে। স্কীমের প্রকৃতি অনুযায়ী স্কীমের মেয়াদ শেষে সার্ভিস চার্জসহ সমুদয় অর্থ এককালীন আদায় করা যাবে। সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মাঠকর্মী (ইউনিয়ন সমাজকর্মী/পৌর সমাজকর্মী) অফিসের ছাপানো পাকা রশিদ প্রদান করে কিস্তি এবং সার্ভিস চার্জের টাকা এক সাথে আদায় করবেন। আদায়কারীকে টাকা আদায় ও জমার হিসাব রি-পেমেন্ট সিডিউল ও ক্যাশ বহিতে লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে।

**১৩.৭ ঋণ গ্রহীতা মারা গেলে ঋণের অর্থ আদায়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা:**

দগ্ধ, আহত ও প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম এর আওতায় কোন ঋণ গ্রহীতা মারা গেলে মৃত ব্যক্তির জামিনদারের সহায়তায় তার বৈধ ওয়ারিশ/উত্তরাধিকারীদের নিকট হতে ঋণের অর্থ কিস্তিতে অথবা এককালীন আদায় করার চেষ্টা করতে হবে। যদি মৃত ব্যক্তির পারিবারিক অবস্থা একেবারে নিঃস্ব ও সহায়সম্বলহীন হয় এবং কোনভাবেই ঋণ আদায় করা সম্ভব না হয়, সেক্ষেত্রে মৃত ব্যক্তির জামিনদার/ওয়ারিশগণ কর্তৃক ঋণ মওকুফের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র, পৌরসভা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক মৃত্যু সনদপত্র এবং মৃত ব্যক্তির ওয়ারিশগণ কর্তৃক প্রদত্ত ঋণ পরিশোধের অক্ষমতার প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা ঋণ মওকুফের বিষয়টি সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন কমিটিতে উপস্থাপন করবেন। কমিটি এ বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা এবং সরেজমিনে তদন্তপূর্বক ঋণ মওকুফের বিষয়ে একমত পোষণ করে সুপারিশসহ সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক এ বিষয়ে বিস্তারিত তথ্যসহ সুপারিশ ও মতামতসহ কাগজপত্র পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর বরাবরে প্রেরণ করবেন। মহাপরিচালক ঋণ মওকুফের বিষয়ে একমত পোষণ করলে তিনি বিষয়টি অনুমোদনের জন্য জাতীয় পরিচালনা কমিটির সভায় পেশ করবেন। জাতীয় পরিচালনা কমিটি (জাতীয় স্টিয়ারিং কমিটি) এর অনুমোদন সাপেক্ষে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় ঋণ মওকুফ এর বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তি করবেন। তদপ্রেক্ষিতে ঋণ মওকুফের বিষয়টি মহাপরিচালকের দপ্তর হতে পত্র মারফত সংশ্লিষ্ট উপপরিচালক ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তাকে জানিয়ে দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা এ সংক্রান্ত হিসাব সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করবেন।

**১৩.৮. অর্থ সংরক্ষণ ও ব্যবহার:**

**১৩.৮.১ মূলধনের অর্থ ব্যবস্থাপনা:**

সমাজসেবা অধিদপ্তর কর্তৃক দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ প্রতি উপজেলা, শহর ও মহানগর এলাকায় "দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন তহবিল" নামে যে কোন তফসিলভুক্ত ব্যাংকে একটি চলতি হিসাব খুলে জমা রাখতে হবে। উক্ত হিসাবটি উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের যৌথ স্বাক্ষরে এবং জেলা শহর ও মহানগর এলাকায় জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক এবং শহর সমাজসেবা অফিসার এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এ ঋণ তহবিলের অর্থ দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের লক্ষ্যে আয়বর্ধক কাজে পুঁজি হিসেবে ব্যবহারের জন্য ফেরতযোগ্য ঋণ হিসেবে প্রদান করা হবে।



সচিবের রুটিন দায়িত্বে

CamScanner

**১৩.৮.২ ঋণ আদায় অর্থ ব্যবস্থাপনা:**

মাঠ হতে আদায়কৃত ঋণের অর্থ জমা রাখার জন্য উপজেলার ক্ষেত্রে প্রতি ইউনিয়ন এবং শহর সমাজসেবার ক্ষেত্রে প্রতি ওয়ার্ডের জন্য "দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের ঋণ আদায় তহবিল" নামে যেকোন তফসিলি ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলে আদায়কৃত মূলধন ও সার্ভিস চার্জ জমা রাখতে হবে। উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত সমাজকর্মী, জেলা/শহর এবং মহানগর এলাকায় শহর সমাজসেবা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট পৌর সমাজকর্মী এর যৌথ স্বাক্ষরে এ হিসাবটি পরিচালিত হবে। এ হিসাব থেকে মূলধনের টাকা উত্তোলনপূর্বক একই পদ্ধতিতে পুনঃবিনিয়োগ করতে হবে।

**১৩.৮.৩ সার্ভিস চার্জের অর্থ ব্যবস্থাপনা:**

সার্ভিস চার্জ হিসেবে আদায়কৃত অর্থ (ঋণ আদায় তহবিলে জমাকৃত) প্রতি অর্থবছর শেষে ইউনিয়ন/ওয়ার্ডের হিসাব থেকে সার্ভিস চার্জ ও ব্যাংক সুদের টাকা **"দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম কেন্দ্রীয় সার্ভিস চার্জ ও ব্যাংক সুদ ব্যবহার"** নামে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও উপজেলা/শহর সমাজসেবা অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত সঞ্চয়ী ব্যাংক হিসাবে স্থানান্তর করতে হবে। এ অর্থ থেকে উপকারভোগীর কল্যাণ ও শ্রেষ্ঠ সমাজকর্মীকে পুরস্কার প্রদান কার্যক্রম বাস্তবায়নে (প্রত্যেক খাতে সর্বোচ্চ ৫০%) ব্যয় করা যাবে।

**ক. উপকারভোগীর কল্যাণ:**

নির্বাচিত সুবিধাভোগী দগ্ধ, আহত ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ, চিকিৎসা সহায়তাসহ আনুষঙ্গিক সহায়ক উপকরণ সরবরাহ ইত্যাদি বিষয়ে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনায় আনা যেতে পারেঃ

(১) ঋণ গ্রহীতাদের মধ্য হতে যিনি ঋণ প্রাপ্তির পর চুক্তি মোতাবেক নিয়মিতভাবে ঋণের অর্থ পরিশোধ করেছেন;

(২) যিনি নিয়মিতভাবে ১ বছর যাবৎ কমপক্ষে মাসিক ১০০ টাকা হারে ব্যক্তিগত সঞ্চয় জমা করেছেন;

(৩) ঋণের টাকা ব্যবহার শারীরিক সামর্থ্য অনুযায়ী আন্তরিকভাবে তার আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের চেষ্টা করছেন;

(৪) একই ব্যক্তিকে ২ (দুই) বছরের (পঞ্জিকা বর্ষ) মধ্যে একাধিকবার উপকারভোগীদের কল্যাণের অর্থ দেয়ার প্রস্তাব করা যাবে না;

(৫) একই সময়ে একাধিক ব্যক্তি উক্ত অর্থ পাওয়ার যোগ্য বিবেচিত হলে অর্জিত সার্ভিস চার্জের পরিমাণ অনুযায়ী অপেক্ষাকৃত যোগ্য ব্যক্তিদেরকে উক্ত অর্থ প্রদানের প্রস্তাব করতে হবে। পর্যায়ক্রমে অন্যান্যদের জন্য প্রস্তাব প্রেরণ করা যাবে; এবং

(৬) উপকারভোগীদের কল্যাণ বাবদ প্রতিজনকে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা দেয়ার প্রস্তাব করা যাবে। তবে দগ্ধ ব্যক্তিদের তাৎক্ষণিক চিকিৎসা সহায়তা প্রদান এবং দগ্ধ, আহত ও প্রতিবন্ধীদের উপার্জনমুখী প্রশিক্ষণ প্রদানের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**খ. শ্রেষ্ঠ সমাজকর্মীর পুরস্কার প্রদান:**

নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে শ্রেষ্ঠ সমাজকর্মী নির্বাচন করে পুরস্কার প্রদানের প্রস্তাব প্রেরণ করা যাবে:

(১) যে কর্মীর (ইউনিয়ন সমাজকর্মী, কারিগরী প্রশিক্ষক ও পৌর সমাজকর্মী) আদায়ের হার ১০০% হলে;

(২) যিনি অফিসের সকল নিয়ম-কানুন মেনে চলেন এবং কর্মসূচি বাস্তবায়নে আন্তরিকভাবে কাজ করেন;

(৩) যার কোন (সকল ক্ষুদ্রঋণ কর্মসূচি) অর্থ আত্মসাৎ নেই এবং সকল নথিপত্র আপডেট আছে;

মোঃ বরকাতুর রহমান
উপসচিব
সামাজিক নিরাপত্তা-৩ শাখা
সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা



সচিবের রুটিন দায়িত্বে

